

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৭৭

আগরতলা, ১৯ এপ্রিল, ২০১৭

**‘কৃষি কর্মণ’ পুরস্কার মূল্য স্বরূপ ত্রিপুরা পেয়েছে ৫ কোটি টাকা**

কেন্দ্রীয় কৃষি মন্ত্রক ২০১০-১১ সাল থেকে খাদ্যশস্য উৎপাদনের সাফল্য স্বরূপ ‘কৃষি কর্মণ’ পুরস্কার চালু করেছে। ৩টি ক্যাটাগরিতে এই পুরস্কার দেওয়া হয়। ২০১০-১১ অর্থবছরে খাদ্যশস্য উৎপাদনের সাফল্যের নিরিখে তৃতীয় ক্যাটাগরির রাজ্যগুলির মধ্যে সেরা রাজ্য হিসাবে ‘কৃষি কর্মণ’ জাতীয় পুরস্কার পায় ত্রিপুরা। পুরস্কার মূল্যস্বরূপ ত্রিপুরা ২ কোটি টাকা পায়। ২০১৫-১৬ অর্থ বছরের কৃষি কর্মণ পুরস্কারের জন্য গত ১৪ মার্চ, ২০১৭ দিল্লিতে মোট ১৪টি রাজ্য উপস্থাপনা পেশ করে। এরমধ্যে ঐ অর্থ বছর খাদ্যশস্য উৎপাদনের সাফল্যের নিরিখে তৃতীয় ক্যাটাগরির রাজ্যগুলির মধ্যে সেরা রাজ্য হিসাবে দ্বিতীয় বারের জন্য ‘কৃষি কর্মণ’ জাতীয় পুরস্কার পায় ত্রিপুরা। গত ৩১ মার্চ, ২০১৭ কেন্দ্রীয় কৃষি মন্ত্রক এই পুরস্কারের কথা রাজ্যকে জানায়। পুরস্কার মূল্যস্বরূপ ত্রিপুরা এবার ৫ কোটি টাকা পেয়েছে। এছাড়াও ২০১৫-১৬ অর্থ বছরের জন্য ১ম ক্যাটাগরিতে সেরা রাজ্য হিসাবে তামিলনাড়ু এবং ২য় ক্যাটাগরিতে সেরা রাজ্য হিসাবে হিমাচল প্রদেশ ‘কৃষি কর্মণ’ জাতীয় পুরস্কার পায়। পুরস্কার মূল্যস্বরূপ এই ২টি রাজ্যকেও ৫ কোটি টাকা দেওয়া হয়। মহাকরণে এ তথ্য জানান রাজ্য সরকারের কৃষি দপ্তরের প্রধান সচিব ড. জি এস জি আয়েঙ্গার।

\*\*\*\*\*

This document was converted to PDF by  
Smart PDF Converter  
To remove this message purchase the  
product at www.SmartPDFConverter.com